

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
কল্যাণ শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১২৩.১১.০৮০.২১-৬৩৪

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা এর “সমাজকল্যাণ অফিসার [১০ম গ্রেড]” এর শূণ্য পদে ৩৮তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু ক্যাডারে সুপারিশপ্রাপ্ত নয় এরূপ প্রার্থীদের মধ্য হতে নিয়োগের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখের ৮০.১১০.০১১.০০.০০.০০৬.২০১৯-২৭৮ নম্বর পত্রের সুপারিশক্রমে নিম্নবর্ণিত ০১ (এক) জন প্রার্থীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- [১০ম গ্রেড] বেতনক্রমে এ প্রজ্ঞাপনের ২ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	প্রার্থীর নাম	রেজিস্ট্রেশন নম্বর	জন্মতারিখ	নিজ জেলা
০১.	মো: জজ মিয়া	060227	১২.০৪.১৯৯২	ময়মনসিংহ

২। নিয়োগের শর্তসমূহ:

(ক) তিনি বাংলাদেশের নাগরিক না হলে অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হলে অথবা বাংলাদেশে ডমিসাইলড (Domiciled) না হলে তাঁর এ সাময়িক নিয়োগ বাতিল হবে;

(খ) যদি তিনি বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিবাহ করে থাকেন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ/অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তাহলে তাঁর এ সাময়িক নিয়োগ বাতিল হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসাবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিসকাল অনূর্ধ্ব দুই বছর বর্ধিত করতে পারবেন। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) তাঁকে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(ঙ) সরকারি কর্ম কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর চাকুরিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(চ) চাকুরিতে যোগদানের সময় তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(ছ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (চ)

অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮’ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে ‘সরকারি চাকুরি আইন, ২০১৮’; সরকারি কর্মচারী হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭; সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে;


(ঞ) ‘সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯’ এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতালের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ট) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না;

৩। উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে তিনি আগামী ২৫ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ পূর্বাভে পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২৫-৯-২০২২

মোহাম্মদ রফিকুল করিম

উপসচিব

ফোন: ৯৫৪৯৬২১

ইমেইল:

adminwelf@mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১২৩.১১.০৮০.২১-৬৩৪/১(১১)

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/ সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/ সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/ সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় / কম্পিউটার এন্ড অডিটর জেনারেল,

বাংলাদেশ।

৩) প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অতিরিক্ত সচিব (এপিডি/প্রশাসন/সওব্য/ সিপিটি/শৃংখলা ও তদন্ত/আইন/বিধি/সংস্কার ও গবেষণা/ সওক), জনপ্রশাসন মন্ত্রণালয়।

৫) পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।

৬) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৭) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ৫০ (পঞ্চাশ) কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১০) চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।

১১) জনাব/বেগম.....।